গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**জেলা পরিসংখ্যান কার্যালয়**
পঞ্চগড়
bbs.panchagarh.gov.bd

নং: ৫২.০১.০০০০.৫০৩.০৫.০৬৮.২৪.—০৮৬

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩১
৩০ এপ্রিল, ২০২৪

# অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম' শীর্ষক প্রকল্পের আওতায় কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ কাজের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত সংখ্যক **'স্থানীয় নারী রেজিস্ট্রার'** নিয়োগের লক্ষ্যে জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর ভিত্তিতে প্রণীত Integrated Multipurpose Sample (IMPS) অনুসরণপূর্বক সংযুক্ত প্রাথমিক নমুনা এলাকা (পিএসইউ)'র সীমানা এলাকায় বসবাসকারী নারী বাসিন্দাদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম ও পদসংখ্যা | পদের ধরন ও বেতন | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| স্থানীয় নারী রেজিস্ট্রার<br>সংখ্যা: ৩৩ জন | সম্পূর্ণ অস্থায়ী<br>বেতন: মাসিক নির্ধারিত ৬,০০০/- | (১) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(২) স্মার্টফোন বা ট্যাবলেট ব্যবহারে দক্ষ হতে হবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। নিজের সক্রিয় ইমেইল ঠিকানা ও স্ব-নামে ফেসবুক অ্যাকাউন্ট থাকতে হবে;<br>(৩) গত ০১ জানুয়ারি ২০২৪ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর ও সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছরের মধ্যে হতে হবে;<br>(৪) শারীরিক ও মানসিকভাবে সুস্থ, পরিমার্জিত, স্মার্ট ও পরিপাটি স্বভাবের শিক্ষিতা নারী হতে হবে;<br>(৫) প্রার্থীকে অবশ্যই সংযুক্ত পিএসইউ সীমানা এলাকার নিয়মিত বাসিন্দা হতে হবে। পল্লি (ইউনিয়ন) ও পৌরসভা এলাকার ক্ষেত্রে পিএসইউ সীমানায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সর্বোচ্চ মৌজা সীমানার মধ্যে বসবাসকারী প্রার্থীকে বিবেচনা করা হবে। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সর্বোচ্চ ওয়ার্ড সীমানার মধ্যে বসবাসকারী সদস্য হতে হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট মৌজা (পৌর/পল্লির ক্ষেত্রে) এবং ওয়ার্ড (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) প্রার্থীগণও আবেদন করতে পারবেন;<br>(৬) স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এ পূর্বে নিয়োজিত স্থানীয় নারী রেজিস্ট্রারগণ এবং নিয়োগের অন্যান্য যোগ্যতা ও শর্ত প্রতিপালন এবং সন্তোষজনক দায়িত্ব পালনের পূর্বঅভিজ্ঞতার রেকর্ড সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। বিবিএস কর্তৃক পরিচালিত অন্যান্য শুমারি বা জরিপে কাজ করার সন্তোষজনক পূর্ব-অভিজ্ঞতাসম্পন্ন নারী প্রার্থীগণও অগ্রাধিকার পাবেন। |

**০২। নিয়োগের অন্যান্য শর্তাবলী:**

(ক) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত প্রকল্পের আওতায় পরিচালিতব্য স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এর মাসভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বোচ্চ ৩ মাসের জন্য স্থানীয় রেজিস্ট্রার হিসেবে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে। প্রকল্পের আওতায় তথ্য সংগ্রহ কার্যক্রম সমাপনান্তে ইস্যুকৃত নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। সন্তোষজনক দায়িত্বপালন ও নিয়োগের শর্তাবলী যথাযথ পালন সাপেক্ষে পরবর্তীতে নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(খ) অর্পিত দায়িত্ব পালনে কোনো প্রকার ব্যত্যয়/অবহেলা পরিলক্ষিত হলে, যে কোনো পর্যায়ে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

(গ) নিয়োগের পর যে কোনো পর্যায়ে কিংবা সময়ে নিয়োগের শর্ত ভঙ্গ করা হয়েছে কিংবা তথ্য গোপন করা হয়েছে কিংবা দায়িত্বে অবহেলা করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া গেলে কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিক নিয়োগ বাতিল করতে পারবে।

(ঘ) স্থানীয় রেজিস্ট্রার হিসেবে নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক। এ কাজে নিয়োজিত স্থানীয় রেজিস্ট্রারগণ বিবিএস-এর নিয়মিত রাজস্বভুক্ত জনবল হিসেবে বিবেচিত হবেন না। নিয়োগের সময়সীমা অতিক্রান্ত হবার পর তারা কোনোভাবেই রাজস্বভুক্ত নিয়মিত কর্মচারী হিসেবে অন্তর্ভুক্ত হবেন না কিংবা নিয়মিত কর্মচারী হিসেবে স্থানান্তরিত হবার জন্য কোনোরূপ দাবি করতে পারবেন না।

(ঙ) অত্র নিয়োগ কার্যক্রম স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এর 'স্থানীয় নারী রেজিস্ট্রার নিয়োগ নীতিমালা, ২০২৪' অনুযায়ী সম্পাদিত হবে। জেলা পর্যায়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই ও প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণপূর্বক সংক্ষিপ্ত প্রার্থী তালিকা সুপারিশপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করা হবে। প্রকল্প হতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং সরাসরি প্রকল্প হতে তাদের নিয়োগ আদেশ জারি করা হবে। নিয়োগকৃত প্রার্থীদেরকে জেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুপারভাইজারের তত্ত্বাবধানে পিএসইউ এলাকায় কাজে নিয়োজিত করা হবে। সন্তোষজনক কাজ সম্পাদন সাপেক্ষে সম্পাদিত কাজের মাসের ভিত্তিতে সোনালী ব্যাংকের হিসাবে বেতন পরিশোধ করা হবে।

০৩। **আবেদনপত্রের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্র:**

(ক) স্থানীয় রেজিস্ট্রার পদে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্রের লিংক: **https://application.svrs.online.** অনলাইনে আবেদনের পর অনলাইনে **'Preview'** অপশন হতে ডাউনলোডকৃত **'LR Applicant Profile'**-এর একটি পূরণকৃত হার্ডকপি আবশ্যকীয় কাগজপত্রসহ উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ঠিকানা: (স্ব-স্ব অফিসের ঠিকানা লিখুন) বরাবর **আগামী ১০ মে ২০২৪ তারিখ বিকেল ৩:৩০ টার মধ্যে** অবশ্যই সশরীরে দাখিল করতে হবে। নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পর কিংবা আংশিক পূরণকৃত/দাখিলকৃত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(খ) নাগরিকত্ব ও বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচায়পত্র (এনআইডি) ও জন্মনিবন্ধন সনদপত্রের পাশাপাশি সরকারি ১ম শ্রেণির (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক বিগত ১ মাসের মধ্যে ইস্যুকৃত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(গ) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌর/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) অনলাইন হতে ডাউনলোডকৃত নির্ধারিত জীবনবৃত্তান্ত ফরমের পূরণকৃত ও স্বাক্ষরিত হার্ডকপির সাথে প্রার্থীর মুখ ও কান খোলা অবস্থায় গৃহীত দুইকপি **300x300 pixel** সাইজের রঙিন ছবি সংযুক্ত করে সংশ্লিষ্ট জেলা পরিসংখ্যান অফিসে দাখিল করতে হবে।

(চ) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া হলে প্রার্থীতা বাতিল করা হবে।

(ছ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগ দন্ডিত হন, তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

০৪। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: নির্বাচিত নমুনা এলাকার তালিকা- ০২ (পৃষ্ঠা)।

৩০/০৪/২০২৪

আবু সালেহ মোঃ রব্বানী
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিসংখ্যান কার্যালয়
পঞ্চগড়
☏: ০২৫৮৯৯৪১০৪৭
✉: ddpanchagarh@gmail.com